

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর,
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
উপপরিচালকের দপ্তর



সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ জাহাজীর আলম উপপরিচালক
সভার তারিখ	২২ ডিসেম্বর ২০২২ খ্রি.
সভার সময়	৯:৩০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, উপপরিচালকের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ
উপস্থিতি	নিবেদিতা দে, মহাকারী পরিচালক (সংযুক্ত), মুহাম্মদ সালাহ উদ্দীন কবির, সহকারী পরিচালক; চিত্র সরকার, সম্প্রসারণ কর্মকর্তা, শতান্ধী রায়, বৈজ্ঞানিক কর্মকর্তা

সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপপরিচালকের কার্যালয়সহ অওতাধীন ৪টি জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের দপ্তরের বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি আলোচনার জন্য উপস্থাপন করেন। বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনায় দেখা যায়:

কার্যালয়ের নাম	পরিবীক্ষণে প্রাপ্ত বিচ্যুতি
উপপরিচালকের কার্যালয়	ভিশন ও মিশনের পূর্বে প্রারম্ভিকা বিদ্যমান। নাগরিক সেবার ক্ষেত্রে প্রদত্ত সেবার বাইরে একাধিক সেবার অন্তর্ভুক্তি। ওয়েবপোর্টালে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতির উপরের ডান কোণে 'ওয়েবপোর্টালে প্রকাশের জন্য' এবং হালনাগাদের তারিখ উল্লেখ নেই।
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ময়মনসিংহ	সেবা প্রদান প্রতিশ্রুতি মন্ত্রিপরিষদ নির্ধারিত ফরম্যাটে প্রস্তুত করা হয়নি। ওয়েবপোর্টালে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতির উপরের ডান কোণে 'ওয়েবপোর্টালে প্রকাশের জন্য' এবং হালনাগাদের তারিখ উল্লেখ নেই।
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নেত্রকোণা	নাগরিক সেবার ক্ষেত্রে প্রদত্ত সেবার বাইরে একাধিক সেবার অন্তর্ভুক্তি। ওয়েবপোর্টালে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতির উপরের ডান কোণে 'ওয়েবপোর্টালে প্রকাশের জন্য' এবং হালনাগাদের তারিখ উল্লেখ নেই।
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, জামালপুর	সেবা প্রদান প্রতিশ্রুতি মন্ত্রিপরিষদ নির্ধারিত ফরম্যাটে প্রস্তুত করা হয়নি। ওয়েবপোর্টালে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতির উপরের ডান কোণে 'ওয়েবপোর্টালে প্রকাশের জন্য' এবং হালনাগাদের তারিখ উল্লেখ নেই।
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, শেরপুর	সংশ্লিষ্ট সেবাবস্তুর নির্ধারিত লিংকে আপলোডকৃত নয়। নাগরিক সেবার ক্ষেত্রে প্রদত্ত সেবার বাইরে একাধিক সেবার অন্তর্ভুক্তি। ওয়েবপোর্টালে প্রকাশিত সেবা প্রদান প্রতিশ্রুতির উপরের ডান কোণে 'ওয়েবপোর্টালে প্রকাশের জন্য' এবং হালনাগাদের তারিখ উল্লেখ নেই।

সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ ও মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মাঠপর্যায়ের কার্যালয়সমূহের ব্যবহারের জন্য অনুমোদিত ফরম্যাট বিষয়ে সবিস্তারে আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

১. মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মাঠপর্যায়ের কার্যালয়সমূহের ব্যবহারের জন্য অনুমোদিত ফরম্যাট (৮ কলাম) অনুসরণপূর্বক প্রতি ত্রৈমাসিকে সংশ্লিষ্ট ওয়েবপোর্টালে আপলোড করতে হবে।
- ২। ওয়েবপোর্টালে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবাবক্সে নির্ধারিত লিংকে আপলোড করতে হবে।
- ৩। নাগরিক, প্রাতিষ্ঠানিক ও অভ্যন্তরীণ সেবার ক্ষেত্রে কেবল দপ্তর প্রদত্ত সেবাসমূহ উল্লেখ থাকবে।
- ৪। ওয়েবপোর্টালে প্রকাশিতব্য সেবা প্রদান প্রতিশ্রুতির উপরের ডান কোণে ‘ওয়েবপোর্টালে প্রকাশের জন্য’ এবং হালনাগাদের তারিখ উল্লেখ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


মোঃ জাহাঙ্গীর আলম
উপপরিচালক


স্মারক নম্বর: ৩৩.০২.৬১০০.৩০৮.৪৪.০০২.২২.৪৪৮

তারিখ: ৭ পৌষ ১৪২৯

২২ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর
- ২) সহকারী পরিচালক (সংযুক্ত), উপপরিচালকের কার্যালয়, ময়মনসিংহ বিভাগ
- ৩) বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য সম্পদ জরিপ পদ্ধতি শাখা, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
- ৪) সম্প্রসারণ কর্মকর্তা (রুটিন দায়িত্ব), উপপরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ



মুহাম্মদ সালাহ উদ্দীন কবির
সহকারী পরিচালক